



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## খুলনা বিশ্ববিদ্যালয়ে কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ মোকাবেলা শীর্ষক জাতীয় সেমিনার অনুষ্ঠিত



‘বাংলাদেশে কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ এবং সামনের দিকে এগিয়ে যাওয়া: স্বাস্থ্য, সমতা এবং উন্নয়নের মাধ্যমে সামাজিক ন্যায়বিচারের অগ্রগতি’ (‘Navigating Post-COVID Challenges and Way Forward in Bangladesh: Advancing Social Justice Through Health, Equality and Development’) শীর্ষক এক জাতীয় সেমিনার ০৬ মার্চ (বুধবার) খুলনা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। সকাল ১০.৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের আচার্য জগদীশ চন্দ্র বসু একাডেমিক ভবনের সাংবাদিক লিয়াকত আলী মিলনায়তনে সামাজিক বিজ্ঞান স্কুল আয়োজিত সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, “কোভিড-১৯ মহামারী এমন একটি বিপর্যয় যা আমাদের জীবনযাত্রাকে থমকে দেওয়ার পাশাপাশি বিশ্ব মানবতাকে নাড়া দিয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে যখন আমরা উন্নয়নের মহাসড়কে এগিয়ে যাচ্ছিলাম, ঠিক তখনই মহামারীটি বাংলাদেশে মারাত্মকভাবে আঘাত হানে। ওই সময়ের কঠিন পরিস্থিতি মোকাবেলা করে আমরা লড়াই করেছি। প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় দ্রুততম সময়ের মধ্যে ভ্যাকসিন সংগ্রহ ও প্রদান করা হয়েছিল। মহামারীর ওই সময়ে ক্ষুধার কারণে বাংলাদেশে একটিও প্রাণ হারায়নি। এই কঠিন পরিস্থিতির মধ্য দিয়েও প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশের অর্থনীতির চাকা ছিল স্থিতিশীল।”

তিনি আরও বলেন, “ন্যায্যতা এবং সামাজিক ন্যায়বিচারের প্রশ্নটি সর্বদা উন্নয়ন ও টেকসই উন্নয়নের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। যে কোনো ধরনের উন্নয়নই অর্থহীন হয়ে



পড়ে, যদি তার ফল সমাজের সকল সম্প্রদায়ের কাছে সহজলভ্য না হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের মধ্যম আয়ের দেশে পরিণত করেছেন। কোভিড মহামারী আনুষ্ঠানিকভাবে এক বছরেরও বেশি সময় ধরে চলার সাথে সাথে এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হল কোভিড-পরবর্তী পরিস্থিতিতে সামনে থাকা চ্যালেঞ্জগুলোকে মূল্যায়ন করা। এর প্রধান ফোকাসের একটিতে রয়েছে- সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করা।”

খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের উপ-উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোসাম্মাৎ হোসেন আরা।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন সামাজিক বিজ্ঞান স্কুলের ডিন ও সেমিনার আয়োজক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. আব্দুল্লাহ আবুসাইদ খান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সেমিনার আয়োজক কমিটির সদস্য সচিব ও অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. খান মেহেদী হাসান। অনুষ্ঠান সঞ্চালনা করেন সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সঞ্জয় কুমার চন্দ এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক ফারজানা তাসনিম।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন, বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট স্কুলভুক্ত বিভাগসমূহের শিক্ষকবৃন্দ, অংশগ্রহণকারী দেশ-বিদেশের শিক্ষক-গবেষকরা উপস্থিত ছিলেন। সেমিনারে ‘বাংলাদেশে কোভিড-পরবর্তী চ্যালেঞ্জ এবং সামনের দিকে এগিয়ে যাওয়া: স্বাস্থ্য, সমতা এবং উন্নয়নের মাধ্যমে সামাজিক ন্যায়বিচারের অগ্রগতি’ বিষয়ে ৬১টি গবেষণা নিবন্ধ নিয়ে প্রকাশিত গবেষণাপত্রের মোড়ক উন্মোচন করা হয়। এর আগে জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে সেমিনার শুরু হয়।

উদ্বোধনী অনুষ্ঠানের পর রিসোর্স পারসন হিসেবে টেকনিক্যাল সেশন পরিচালনা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর উপ-উপাচার্য অধ্যাপক ড. খন্দকার মোকাদ্দেম হোসেন।